

মুজফ্ফর আহমদ মহাবিদ্যালয়

সালার - মুর্শিদাবাদ

বি.এ. তৃতীয় বর্ষ ও দূরশিক্ষা মাধ্যমে এম.এ. পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বি.এ. তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীদের অবগত করা হচ্ছে যে, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক দপ্তরের 18.09.2020 তারিখের নোটিশ (Annexure-I) অনুসারে তৃতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষা আগামী ইংরাজি 01.10.2020 তারিখ থেকে 18.10.2020 তারিখের মধ্যে। পরীক্ষার বিস্তারিত সূচী নোটিশের সঙ্গে প্রদত্ত হয়েছে (Annexure-II)।

পরীক্ষা সংক্রান্ত কিছু জরুরী জ্ঞাতব্য

- যে সমস্ত ছাত্রছাত্রীর বিশ্ববিদ্যালয় প্রদত্ত রেজিস্ট্রেশন নং ও অ্যাডমিট কার্ড আছে শুধু মাত্র তারাই পরীক্ষার জন্য বিবেচিত হবে।
- পরীক্ষা হবে ব্লেন্ডেড মোডে। পরীক্ষা শুরু হওয়ার একঘণ্টা আগে কল্যাণী বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েব সাইটে প্রস্তুত পাওয়া যাবে।
কলেজ ওয়েবসাইট - <http://salarcollege.com/>
বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট - <https://www.klyuniv.ac.in/>
- পরীক্ষার্থীরা বাড়িতে বসে পরীক্ষার উত্তর লিখবে। উত্তরপত্র লিখতে হবে A4 সাইজের কাগজে চারদিকে পরিমাণ মত মার্জিন রেখে। উত্তরপত্রের প্রথম পাতায় ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন নং, রোল নং ও বিষয়/পেপারের নাম স্বচ্ছ ভাবে লিখতে হবে এবং পরবর্তী প্রতি পাতার উর্ধ্ব মার্জিনের উপরে পেপারের নাম, রোল নং ও রেজিস্ট্রেশন নং এবং নিম্ন মার্জিনের নীচে পৃষ্ঠা সংখ্যার উল্লেখ করতে হবে। নমুনা উত্তরপত্র Annexure-III তে প্রদত্ত হয়েছে।
- উত্তরপত্রের স্ক্যানকপি/ফটোকপির স্বচ্ছতার জন্য কাগজের একদিকে লিখে, অন্য দিক সাদা রাখা উত্তম।
- নির্দিষ্ট বিষয়/পেপারের উত্তরপত্র পরীক্ষা শেষের 2 ঘণ্টার মধ্যে নির্দিষ্ট ই-মেল আই.ডি. অথবা হোয়াটস অ্যাপ নম্বরে পাঠাতে হবে। উত্তরপত্র পাঠাতে হবে pdf মোডে। একটা পেপারের উত্তরপত্র একটা ফাইলে দিতে হবে। বিষয়/পেপার ভিত্তিক উত্তরপত্র পাঠানোর ই-মেল আই.ডি. ও হোয়াটস অ্যাপ নং Annexure-IV-এ দেওয়া হল।
- কোনো ছাত্রছাত্রী কারিগরি যন্ত্র বা নেট কানেকশন সংক্রান্ত সমস্যার জন্য উত্তরপত্র ই-মেল/হোয়াটস অ্যাপে পাঠাতে অপারগ হলে, সে সিলবন্ধ খামে পরীক্ষা শেষের 1 ঘণ্টা বা পরের দিন বেলা 12টার মধ্যে কোভিড-19 সংক্রান্ত নিরাপত্তা বিধি মেনে কলেজ অফিসে এসে জমা দিতে পারবে। খামের উপর ছাত্রছাত্রীদের নাম, রেজিস্ট্রেশন নং, রোল নং ও বিষয়/পেপারের নাম স্বচ্ছ ভাবে লিখতে হবে। উত্তরপত্র জমা দেওয়ার নির্দিষ্ট সময় উত্তীর্ণ হওয়ার পর উত্তরপত্র পাঠালে তা গ্রাহ্য হবে না।
- ব্যবহারিক (Practical/Lab based) পত্রের পরীক্ষাও একই নিয়মে হবে।
- উপরিউক্ত নিয়মে দূরশিক্ষা মাধ্যমের এম.এ পার্ট-2 ছাত্রছাত্রীদের পরীক্ষাগুলোও গৃহীত হবে।
- দূরশিক্ষা মাধ্যমের এম.এ. পরীক্ষার সূচী Annexure-V-এ প্রদত্ত হয়েছে।

বিঃদ্রঃ

ছাত্রছাত্রীদের কেউ ব্লেন্ডেড মোড পরীক্ষা পদ্ধতিতে সন্তুষ্ট না হলে বিশ্ববিদ্যালয়ের নির্দেশের 11 নং ধারা অনুযায়ী তারা কোভিড পরিস্থিতি নিয়ন্ত্রিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত অফ-লাইন পরীক্ষায় বসতে পারবে।

আদেশানুসারে
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
মুজফ্ফর আহমদ মহাবিদ্যালয়